## আপনার সন্তান একটি প্রোগ্রামে কেমন পারফর্ম করছে তা কীভাবে জানবেন?

আপনার সন্তানের স্কুলে প্যারেন্ট-টিচার কনফারেন্স ও বার্ষিক ELL অভিভাবক বৈঠক অনুষ্ঠিত হবে, যেখানে জানানো হবে আপনার সন্তান স্কুলে কেমন পারফার্ম করছে। এর পাশাপাশি, প্রতি বসন্তে আপনার সন্তানকে নিউ ইয়র্ক স্টেটব ইংলিশ অ্যাজ এ সেকেণ্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (New York State Identification Test for English Language Learners) নেওয়া হবে। এই পরীক্ষার মাধ্যমে ইংরেজি শেখার ক্ষেত্রে আপনার সন্তানের অগ্রগতি পরিমাপ করা হয়। এই পরীক্ষা নিউ ইয়র্ক স্টেটের K-12 গ্রেডের সমস্ত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের দেওয়া হয়। ফলাফলের মাধ্যমে ছাত্রছাত্রী, শিক্ষক এবং অভিভাবকরা জানতে পারেন ছাত্রের শক্তির দিক এবং কোথায় উন্নতির প্রয়োজন (যেমন: কথা বলা, পড়া, লেখা)। পরীক্ষার ফলাফল ব্যবহার করে সিদ্ধান্ত নেওয়া হয় আগামী শিক্ষাবর্ষে আপনার সন্তানকে ইংরেজি ভাষা শিক্ষার্থী হিসেবে চিহ্নিত করা হবে কি না।

## আপনার সন্তানের অগ্রগতির খোঁজ রাখা

**MyStudent.nyc**-এ একটি NYC স্কুলস্ অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করে আপনার সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতি সম্পর্কিত তথ্য দেখুন। যদি অ্যাকাউন্ট ব্যবহার করতে অসুবিধা হয়, তবে আপনার সন্তানের স্কুল, সুপারিনটেনডেন্ট বা **311**-এ ফোন করে সাহায্য নিন।





## কীভাবে যুক্ত হবেন



- আপনার সন্তান যেন প্রতিদিন সময়মতো স্কুলে যায় এবং শেখার জন্য প্রস্তুত থাকে তা নিশ্চিত করুন।
- নিশ্চিত করবেন যেন আপনার সন্তান প্রতি রাতে পড়ে ও তার সকল হোমওয়ার্ক শেষ করে।
- আপনার সন্তানের স্কুল কাউন্সেলরের সঙ্গে দেখা করুন এবং কলেজ ও ভবিষ্যৎ পেশাগত সুযোগ নিয়ে আলোচনা করুন। পরিকল্পনা শুরু করার জন্য কখনোই খুব দেরি হয়ে যায় না।
- সমস্ত প্যারেন্ট-টিচার কনফারেন্স এবং বার্ষিক ELL অভিভাবক বৈঠকে অংশগ্রহণ করুন।
- আপনার সন্তানকে একটি পাবলিক লাইব্রেরির কার্ড সংগ্রহ করতে এবং ঘন ঘন লাইব্রেরিতে যেতে সহায়তা করুন।
- পিতামাতার জন্য নির্দিষ্টভাবে তৈরি ওয়ার্কশপ ও কনফারেন্সে অংশ নিন, যাতে আপনি কীভাবে আপনার সন্তানকে সাহায্য করবেন তা জানতে পারেন।
- আপনার সন্তানের স্কুলে প্যারেন্ট ভলানটিয়ার হিসেবে পরিষেবা দিন।
- বাড়িতে পড়ার ও অনুশীলনী করার একটি সহায়ক পরিবেশ তৈরি করুন।
- স্কুল কর্মকাণ্ড, যেমন ফিল্ড ট্রিপ, অ্যাসেম্বলি, প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন, প্যারেন্ট অ্যাসোসিয়েশন, এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলের মিটিংসমূহে অংশ নিন।

## অতিরিক্ত তথ্যের জন্য:

- আপনার সন্তানের শিক্ষক, প্রধান শিক্ষক, গাইডেন্স কাউন্সেলর, অভিভাবক সমন্বয়কারী, স্কুল কাউন্সেলর অথবা দ্বিভাষিক সমন্বয়কারীর সঙ্গে কথা বলুন।
- স্থানীয় জেলা অফিসের ঠিকানা জানতে এবং অফিস পরিদর্শন করতে **311**-এ ফোন করুন।
- **multilinguallearners@schools.nyc.gov**-এ ইমেইল করুন।
- ভিজিট করুন **NYC পাবলিক স্কুলস ওয়েবসাইট**।

NYC Public Schools | Multilingual Learners





মধ্য ও উচ্চ বিদ্যালয়ের অভিভাবকদের জন্য

# ইংরেজী ভাষার শিক্ষার্থী

NYC Public Schools | Multilingual Learners



নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস (NYCPS) আমাদের ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য এমন একটি উচ্চমানের শিক্ষা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ, যা তাদের সংস্কৃতিকে মূল্য দেয় এবং তাদের উচ্চ বিদ্যালয়, কলেজে সাফল্য ও ভবিষ্যতের পেশাগত জীবনের জন্য প্রস্তুত করে। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস-এর অফিস অফ মাল্টিলিঙ্গুয়াল লার্নারস পরিবার, সম্প্রদায় এবং অন্যান্য অংশীদারদের সঙ্গে কাজ করে যাতে শিক্ষার্থীরা ইংরেজি শেখার সহায়ক প্রোগ্রামগুলিতে সমানভাবে অংশ নিতে পারে এবং গণিত, বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞানের মতো সমস্ত বিষয়ে সাফল্য অর্জন করতে পারে।

# বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## ইংরেজি ভাষা শিক্ষার্থী (ELL) কী?

ইংরেজি ভাষা শিক্ষার্থী বা ELL হল এমন একজন শিক্ষার্থী যার মাতৃভাষা ইংরেজি নয় এবং যার ইংরেজি শেখার জন্য অতিরিক্ত সহায়তা প্রয়োজন।

## স্কুল কীভাবে নির্ধারণ করে আমার সন্তান ELL কিনা?

নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের সকল অভিভাবককে একটি হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে পূরণ করতে হয়, যা স্কুলের কর্মীদের জানায় আপনার সন্তান বাড়িতে কোন ভাষায় কথা বলে। যদি সার্ভে থেকে জানা যায় যে আপনার সন্তান ইংরেজি ছাড়া অন্য কোনো ভাষা ব্যবহার করে, তাহলে তাকে নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস (New York State Identification Test for English Language Learners) দেওয়া হতে পারে। এই পরীক্ষাটি আপনার সন্তানের ইংরেজি জ্ঞানের পরিমাণ নির্ধারণ করে এবং জানায় সে কি অতিরিক্ত সহায়তা প্রোগ্রামের প্রয়োজন আছে কিনা। যদি পরীক্ষায় দেখা যায় যে আপনার সন্তানের ইংরেজি শেখার জন্য সহায়তার প্রয়োজন, তাহলে তাকে ELL হিসেবে চিহ্নিত করা হয়।

## আমার সন্তানের জন্য কী ধরনের প্রোগ্রাম ও পরিষেবা উপলব্ধ?

নিউ ইয়র্ক সিটি শিক্ষা দপ্তর ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ELL) জন্য তিনটি প্রোগ্রাম অফার করে: দ্বৈত ভাষা, উত্তরণমূলক দ্বিভাষী শিক্ষা, এবং দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি (ESL)।







## এই প্রোগ্রামগুলোর মধ্যে পার্থক্য কী?

**ডুয়াল ল্যাঙ্গুয়েজ** প্রোগ্রামে শিক্ষার্থীদের দুটি ভাষায় পড়ানো হয়: ইংরেজি ও তাদের বাড়ির ভাষা, যেমন - অন্যান্যগুলোর মধ্যে স্পানিশ, চাইনিজ, বা ফ্রেঞ্চ। এই কর্মসূচির লক্ষ্য হলো শিক্ষার্থীরা যাতে ইংরেজি এবং তাদের বাড়ির ভাষায় পড়তে, লিখতে এবং বলতে পারে। ডুয়্যাল ল্যাঙ্গুয়েজের ক্লাসে, বাড়ির ভাষা এবং ইংরেজি সমানভাবে ব্যবহার করা হয়।

**ট্রানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন** প্রোগ্রামগুলি ইংরেজি ও আপনার সন্তানের মাতৃভাষা, উভয় ভাষাতেই পঠন, লিখন ও অন্যান্য বিষয় শেখায়। যেমন শিক্ষার্থীদের ইংরেজি দক্ষতা উন্নত হয়, ইংরেজিতে শেখার সময় ধীরে ধীরে বাড়ে এবং মাতৃভাষায় শেখার সময় কমে যায়। আপনার সন্তান যখন আর ইংরেজী ভাষার শিক্ষার্থী হিসেবে চিহ্নিত থাকবে না, তখন সে এই প্রোগ্রাম থেকে বেরিয়ে আসবে।

**ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ** প্রোগ্রাম, যা আগে ইংলিশ অ্যাজ এ সেকেণ্ড ল্যাঙ্গুয়েজ বা ESL নামে পরিচিত ছিল, শিক্ষার্থীদের ইংরেজিতে পাঠদান করে এবং তাদের মাতৃভাষায় সহায়তা প্রদান করে, যাতে তারা ইংরেজি পড়তে, লিখতে এবং বলতে শিখতে পারে। এই কর্মসূচির শিক্ষার্থীরা বিভিন্ন ভাষার প্রেক্ষাপট থেকে আসতে পারে, এবং ইংরেজি তাদের মধ্যে একমাত্র সাধারণ ভাষা হতে পারে।

## এই প্রোগ্রামগুলোর সুবিধাগুলি কী?

ইংরেজি ভাষা শিক্ষার্থী (ELL) প্রোগ্রামগুলোর অনেক সুবিধা রয়েছে:

- শিক্ষার্থীরা তাদের মাতৃভাষা ব্যবহার করে ইংরেজি শিখতে পারে।
- শিক্ষার্থীরা বিভিন্ন সংস্কৃতিকে সম্মান করতে শেখে।
- যারা দুই বা ততোধিক ভাষায় কথা বলতে পারে, তারা ভবিষ্যতের চাকরিদাতাদের কাছে বেশি মূল্যবান এবং সহজে কাজ পেতে পারে।

## আমি কি সিদ্ধান্ত নিতে পারি কোন প্রোগ্রামে আমার সন্তানকে ভর্তি করাব?

**হ্যাঁ।** একজন ELL শিক্ষার্থীর অভিভাবক হিসেবে আপনি সিদ্ধান্ত নেওয়ার অধিকার রাখেন আপনার সন্তানের জন্য কোন প্রোগ্রামটি উপযুক্ত। আপনি আপনার সন্তানের জন্য একটি প্রোগ্রাম বেছে নেওয়ার পর, ভর্তি হওয়ার 10 দিনের মধ্যে তাকে আপনার নির্বাচিত প্রোগ্রামে অন্তর্ভুক্ত করতে হবে।

## যদি আমার পছন্দের প্রোগ্রামটি স্কুলে না থাকে তাহলে কী হবে?

যদি আপনার নির্বাচিত প্রোগ্রামটি আপনার সন্তানের বর্তমান স্কুলে না থাকে, তাহলে স্কুল আপনাকে দুটি বিকল্প দেবে:

**বিকল্প 1:** আপনি চাইলে আপনার সন্তানকে বর্তমান স্কুলেই অন্য কোনো ELL প্রোগ্রামে ভর্তি রাখতে পারেন। আপনি এই বিকল্প বেছে নিলে, স্কুল সঙ্গে সঙ্গে আপনার সন্তানকে সেই প্রোগ্রামে অন্তর্ভুক্ত করবে।

**বিকল্প 2:** আপনি চাইলে আপনার সন্তানের ট্রান্সফার করে তাকে এমন একটি স্কুলে ভর্তি করতে পারেন যেখানে আপনি যেই প্রোগ্রাম চান, তা উপলব্ধ। আপনার বর্তমান স্কুল শিক্ষা দপ্তরের সঙ্গে সমন্বয় করে ট্রান্সফারের প্রক্রিয়া সম্পন্ন করবে। এদিকে, ট্রান্সফার সম্পন্ন হওয়া পর্যন্ত আপনার সন্তান বর্তমান স্কুলে একটি অস্থায়ী ELL প্রোগ্রামে থাকবে।